# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 1st Semester Examinations, 2018

## CC1-BENGALI

## BANGLA SAHITYER ITIHAS (PRACHIN O MADHYAYUG)

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) চৈতন্য পূর্ব ও চৈতন্য পরবর্তী মনসামঙ্গল কাব্যের পার্থক্য কি ? এই দুই পর্বের দু'জন কবির নাম ও তাঁদের কাব্যের নাম উল্লেখ করো।

(খ) 'চর্যাপদ' কে, কত সালে, কোথা থেকে আবিষ্কার করেন ? গ্রন্থটি কোথা থেকে, কত সালে, কী নামে প্রকাশিত হয়।

(গ) উত্তরবঙ্গের মনসামঙ্গল কাব্য ধারার শ্রেষ্ঠ কবি কে ? তাঁর কাব্যের মূল বিশেষত্ব দু'চার কথায় ব্যক্ত করো।

(ঘ) চণ্ডীমঙ্গল কাব্যের আদি কবি কে ? এই ধারার শ্রেষ্ঠ কবির কাব্যের নাম উল্লেখ করো এবং বলো এই কাব্যটি কয়টি খণ্ডে বিন্যস্ত ?

(ঙ) সৈয়দ আলাওল কোন শতকের কবি ? 'লোরচন্দ্রানী ও সতীময়না' কাব্য রচনাকালে আলাওল কোন দুই কবির কাব্যকে অনুসরণ করেছিলেন ?

(চ) চর্যা পূর্ববর্তীকালের বাংলা দেশের তিনজন কবি ও তাঁদের রচনার নাম উল্লেখ করো।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) চর্যাপদে উল্লিখিত সমাজচিত্রের বর্ণনা দাও।

(খ) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের রচনাকাল উল্লেখ করে বোঝাও এই কাব্য কেন সেই অর্থে বৈষ্ণব মহাজন মণ্ডলে স্বীকৃত হয়নি ?

(গ) মনসামঙ্গল কাব্য ধারায় চৈতন্য পূর্ববর্তীকালের একজন কবির কাব্যকৃতি আলোচনা করো।

(ঘ) মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কে ? মহাভারতের অনুবাদক হিসাবে তাঁর মৌলিকতা বুঝিয়ে দাও।

(ঙ) শিবায়ন কি ? এই ধারার শ্রেষ্ঠ কবির কাব্যকৃতি সংক্ষেপে আলোচনা করো।

(চ) মঙ্গলকাব্য ধারার শেষ কবি প্রতিনিধি হিসাবে কবি ভারতচন্দ্রের যুগগত মৌলিকতা কি ?

বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২=২৪

(ক) বাংলা সাহিত্যে তুর্কী আক্রমণের গুরুত্ব তোমার ভাষায় আলোচনা করো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন ? কাব্যটির নামকরণ সম্পর্কে তোমার অভিমত জানিয়ে এই কাব্যের গুরুত্ব বুঝিয়ে দাও।

(গ) ধর্মমঙ্গল কাব্য কাকে বলে ? অন্যান্য মঙ্গল কাব্যের সঙ্গে এই কাব্যের পার্থক্য কোথায় ? এই কাব্য ধারার একজন প্রধান কবির কাব্যকৃতি বিচার করো।

(ঘ) আরাকান রোসাঙ্গ রাজসভার কাব্য মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে যে কিছুটা ব্যতিক্রমী ধারার সূচনা করেছিল – এই রাজসভার কয়েকজন কবির কাব্য আলোচনা প্রসঙ্গে তা বোঝাও।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 1st Semester Examinations, 2018

## CC2-BENGALI

## MADHYAYUGER KABYA O KABITA

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) চৈতন্য পূর্ববর্তী ও চৈতন্য পরবর্তী বৈষ্ণবপদাবলীর তিনটি পার্থক্য উল্লেখ করো। ৩

(খ) বৈষ্ণবীয় শাস্ত্রমতে নায়িকার কয়টি দশা ও কি কি ? সংক্ষেপে লেখো। ৩

(গ) কবি রামপ্রসাদ সেন এবং কবি কমলাকান্তের জন্ম কত সালে ? এরা কোন কোন রাজার পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন ? ৩

(ঘ) আগমনী ও বিজয়া কাকে বলে ? এই পর্যায়গুলির একটি করে পদের প্রথম পঙক্তির উল্লেখ করো। ৩

(ঙ) লবন দৈত্যকে কে বধ করেছিল ? এই যুদ্ধে উল্লিখিত নানা অস্ত্রের নাম লেখো। ৩

(চ) উত্তরাকাণ্ডে উল্লিখিত বাঙালীর নানা লৌকিক খাদ্যাভ্যাসের উল্লেখ করো। ৩

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) বৈষ্ণব মতে রস কয় প্রকার ? সংক্ষেপে এই রসের দার্শনিক ব্যাখ্যা দাও। ৬

(খ) 'উত্তরাকাণ্ড' মূল রামায়ণের প্রক্ষিপ্ত অংশ কিনা বিচার করো। ৬

(গ) 'এ সখি হামারি দুখের নাহি ওর' – শীর্ষক পদটির কাব্য সৌন্দর্য বিশ্লেষণ করো। ৬

(ঘ) 'রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর'..... শীর্ষক পদটি অবলম্বনে কবির কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো। ৬

(ঙ) 'মা আমায় ঘুরাবে কত'.... শীর্ষক পদে কবির অতৃপ্ত হৃদয়ের যে পরিচয় ধরা পড়েছে তার স্বরূপ বিচার করো। ৬

(চ) কবি কৃত্তিবাসের রামায়ণ কোন অর্থে পাঁচালি 'উত্তরাকাণ্ড' অবলম্বনে বোঝাও। ৬

## বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২=২৪

(ক) অভিসার বলতে কী বোঝায় ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব তোমার পাঠিত পদ অবলম্বনে বোঝাও। ১২

(খ) আগমনী ও বিজয়ার পদগুলিতে মা-মেয়ের সম্পর্কের যে বেদনাবিধুর কাহিনীর নির্মাণ হয়েছে তার স্বরূপ ব্যাখ্যা করো। ১২

(গ) 'একদিকে রাজধর্ম অন্যদিকে পতিধর্ম - এই দুই দ্বন্দ্বে ব্যক্তি রাম হেরে গেছে, জিতে গেছে রাজা রাম'– এই মত কী তুমি সমর্থন করো ? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ১২

(ঘ) গৌরচন্দ্রিকা কি ? সকল গৌরাঙ্গ বিষয়ক পদই কি গৌরচন্দ্রিকা ? তোমার পঠিত পদ অবলম্বনে এই পর্যায়ের গুরুত্ব বিচার করো। ১২

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 1st Semester Examinations, 2018

## DSC1-BENGALI

## BANGLA SAHITYA O BANGLA BHASHAR ITIHAS

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

**The question paper contains DSC-1A & DSC-1B. The candidates are required to answer any *one* from the two courses.**
**Candidates should mention it clearly on the answer book.**

## BENGALI-DSC-1A

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) ফোর্ট উইলিয়াম কলেজ কবে প্রতিষ্ঠিত হয় ? এই কলেজ প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল ?

(খ) কত খ্রীঃ কোন গ্রন্থের অনুবাদের জন্য রবীন্দ্রনাথ নোবেল পুরস্কার পান ?

(গ) 'পথের পাঁচালী' কবে কোন পত্রিকায় প্রকাশিত হয় ?

(ঘ) 'একেই কী বলে সভ্যতা ?' – কার রচনা ? এটি কোন শ্রেণীর নাটক ?

(ঙ) প্রাচীন যুগের বাংলা ভাষার নিদর্শন কোথায় কোথায় পাওয়া যায় ?

(চ) তুমি কোন ঔপভাষিক অঞ্চলে বাস করো ? সেই উপভাষার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) প্রহসন রচয়িতা রূপে দীনবন্ধু মিত্রের কৃতিত্ব বুঝিয়ে দাও।

(খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অনুবাদমূলক রচনাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সামাজিক উপন্যাসগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) যে-কোনো দুই প্রকারের শব্দার্থ পরিবর্তন উদাহরণসহ আলোচনা করো।

(ঙ) শব্দ ভাণ্ডার কাকে বলে ? বাংলা শব্দ ভাণ্ডারে আগন্তুক শব্দ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

(চ) শ্রেণীবিভাগসহ স্বরসঙ্গতি সম্পর্কে আলোচনা করো।

### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২= ২৪

(ক) যুগসন্ধির কবিরূপে ঈশ্বরগুপ্তের মূল্যায়ন করো।

(খ) ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্বের পরিচয় দাও।

(গ) আদি যুগের বাংলা ভাষার কালসীমা নির্দেশ করে এই পর্বের ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(ঘ) ধ্বনি পরিবর্তন বলতে কী বোঝো ? বাংলা ধ্বনিপরিবর্তনের কারণগুলি আলোচনা করো।

## BENGALI-DSC-1B

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) ফোর্ট উইলিয়াম কলেজ কবে, কোন্ উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়েছিল ? এই কলেজের সঙ্গে যুক্ত দু'জন বাংলা গদ্য রচয়িতার নাম লেখো।

(খ) বাংলা গীতিকবিতার ক্ষেত্রে 'ভোরের পাখি' কাকে, কে বলেছেন ? তাঁর দু'টি কাব্যের নাম লেখো।

(গ) বাংলা উপন্যাসে বন্দ্যোপাধ্যায় ত্রয়ী কারা ? তাঁদের একটি করে উপন্যাসের নাম লেখো।

(ঘ) বিজন ভট্টাচার্য কোন্ নাট্য আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন ? তার দু'টি নাটকের নাম লেখো।

(ঙ) মধ্য-বাংলা ভাষাকে কয়টি স্তরে ভাগ করা হয় ? এগুলির কালসীমা উল্লেখ করো।

(চ) স্বরধ্বনি কাকে বলে ? বাংলা স্বরধ্বনি কয়টি এবং কী কী ?

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) বাংলা সাহিত্যের দুঃখবাদী কবি কাকে বলা হয় ? তাঁর কাব্যগুলির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে, তাঁকে দুঃখবাদী কবি বলার কারণ লেখো।

(খ) বিদ্যাসাগরই প্রথম বাংলা গদ্যকে প্রকৃত সাহিত্যভাষার উপযোগী করে তুলেছেন — আলোচনা করো।

(গ) বাংলা নাটকের সূচনাপর্বে রামনারায়ণ তর্করত্নের অবদান আলোচনা করো।

(ঘ) সংক্ষিপ্ত টীকা লেখোঃ

দুর্গেশনন্দিনী, পল্লীসমাজ।

(ঙ) বাংলা উপভাষা কয়টি ও কী কী ? এগুলি কোন্ কোন্ অঞ্চলে প্রচলিত ?

(চ) উদাহরণসহ আলোচনা করোঃ

বিপ্রকর্ষ, অভিশ্রুতি।

### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা পৌরাণিক নাটকে গিরীশচন্দ্র ঘোষের অবদান আলোচনা করো।

(খ) রবীন্দ্র উপন্যাসের কালানুক্রমিক ও বিষয়ভিত্তিক আলোচনা করো।

(গ) আদি বাংলা ভাষার সময়কাল নির্দেশ করো। এই ভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।

(ঘ) শব্দভাণ্ডার কাকে বলে ? বাংলা শব্দভাণ্ডারের প্রধান প্রধান উপাদানগুলি উদাহরণসহ আলোচনা করো।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 1st Semester Examinations, 2018

## GE1-BENGALI

### BANGLA SAHITYA O BANGLA BHASHAR ITIHAS

Time Allotted: 2 Hours  Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

#### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ  ১২×১ = ১২

(ক) বাংলা গদ্য ভাষা বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের লেখক গোষ্ঠীর অবদান সম্পর্কে আলোচনা করো।

(খ) বাংলা উপন্যাস রচনায় শরৎচন্দ্রের কৃতিত্বের পরিচয় দাও।

#### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ  ১২×১ = ১২

(ক) বাংলা ভাষার উপভাষাগুলির নাম উল্লেখ করে যে কোনো একটি উপভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) প্রাচীন যুগের বাংলা ভাষার কালসীমা উল্লেখ করে এই পর্বের ভাষাগত বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

#### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ  ৬×৪= ২৪

(ক) রবীন্দ্রনাথ কাকে 'ভোরের পাখি' বলে অভিহিত করেছিলেন ? এরূপ বলার সঙ্গত কারণ সম্পর্কে আলোচনা করো।

(খ) বাংলা নাট্যসাহিত্যে দীনবন্ধু মিত্রের অবদান সম্পর্কে আলোচনা করো।

(গ) রবীন্দ্রনাথের সবুজপত্র পর্বের গল্পগুলির বৈশিষ্ট্য আলোচনা করো।

(ঘ) স্বরসঙ্গতির সংজ্ঞা এবং উদাহরণসহ এর প্রকারভেদগুলি নির্দেশ করো।

(ঙ) বাংলা ভাষার উদ্ভবের কাল বিভাজন করে এর সাহিত্যিক নিদর্শনগুলি উল্লেখ করো।

(চ) বিদ্যাসাগরের অনুবাদমূলক রচনাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

#### বিভাগ-ঘ

৪। টীকা লেখো যে-কোনো *চারটিঃ*  ৩×৪ = ১২

কমলাকান্তের দপ্তর, নবান্ন, ত্রয়ী মহাকাব্য, জোড়কলম শব্দ, লোকনিরুক্তি, সঙ্কর শব্দ।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A./B.Com. Programme 1st Semester Examinations, 2018

## LCC1-BENGALI

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) অভিযোগপত্র কাকে বলে ? এই ধরনের পত্র রচনার উদ্দেশ্য কী ?

(খ) একটি আদর্শ পত্রের কয়টি অংশ ও কী কী ?

(গ) 'বিজ্ঞাপন' শব্দের অর্থ কী ? দৃশ্য ও শ্রাব্য বিজ্ঞাপনের কয়েকটি মাধ্যম উল্লেখ করো।

(ঘ) শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন কাকে বলে ? দুটি উদাহরণ দাও।

(ঙ) নিমন্ত্রণপত্র রচনার ক্ষেত্রে উদ্দিষ্ট ব্যক্তিকে কিভাবে সম্বোধন করবে উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(চ) ক্রোড়পত্র কাকে বলে ? কোন্ ধরনের পত্রে সাধারণতঃ ক্রোড়পত্র সংযোজনের প্রয়োজন হয়। উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) মন্তব্যপত্র কাকে বলে ? এই ধরনের পত্ররচনার উদ্দেশ্যগুলি লেখো।

(খ) তোমার কলেজে সরস্বতী পুজো উপলক্ষে একটি নিমন্ত্রণপত্রের খসড়া রচনা করো।

(গ) একজন নিখোঁজ ব্যক্তির সন্ধান চেয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি বিজ্ঞাপনের খসড়া রচনা করো। এটি কোন্ ধরনের বিজ্ঞাপন ?

(ঘ) বিভিন্ন শ্রেণীর বিজ্ঞাপনের সুফল ও কুফল সম্পর্কে তোমার অভিমত লেখো।

(ঙ) তুমি অসুস্থতার কারণে কিছুদিন কলেজে অনুপস্থিত ছিলে, এই জন্য ছুটি চেয়ে কলেজের অধ্যক্ষকে একটি পত্র রচনা করো। এই পত্রের সঙ্গে কী ধরনের ক্রোড়পত্র সংযোজন করবে ?

(চ) একটি স্বেচ্ছাসেবী সংগঠনের পক্ষ থেকে রক্তদান শিবিরের আয়োজন করা হবে – এই মর্মে একটি বিজ্ঞাপনের খসড়া রচনা করো।

বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২=২৪

(ক) তোমার এলাকায় পৌরপরিষেবা অথবা পঞ্চায়েত পরিষেবার অপর্যাপ্ততা সম্পর্কে অভিযোগ জানিয়ে পৌরপিতা অথবা পঞ্চায়েত প্রধানের কাছে একটি পত্র রচনা করো।

(খ) তোমার যোগ্যতার প্রমাণ দিয়ে একটি বেসরকারী প্রতিষ্ঠানে বিজ্ঞাপিত পদে চাকরীর জন্য আবেদনপত্র রচনা করো।

(গ) জনকল্যাণমূলক বিজ্ঞাপন বলতে কী বোঝো ? তোমার এলাকায় ডেঙ্গুর প্রকোপ সম্পর্কে সচেতনতা প্রদানের জন্য একটি বিজ্ঞাপনের খসড়া রচনা করো।

(ঘ) সংবাদপত্রে প্রকাশিত একটি ঘটনা সম্পর্কে তোমার মন্তব্য জানিয়ে সংবাদপত্রে প্রকাশের উপযুক্ত একটি পত্র রচনা করো।

——×——